

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
(আইসিটি সেল)
www.sid.gov.bd

অফিস আদেশ

বর্তমান সরকারের রূপকল্প ২০২১-এ একটি দক্ষ ও জবাবদিহিমূলক সেবামুখী প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে সেবা প্রদানের ক্ষেত্রে বিজ্ঞানভিত্তিক পদ্ধতি প্রয়োগের মাধ্যমে অহেতুক কালক্ষেপণ এবং কাজের জটিলতা হ্রাসে বিভিন্নমুখী উদ্যোগ গ্রহণ করার বিষয় ব্যক্ত করা হয়েছে। ইনোভেশন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর ১২ নং ক্রমিকে বর্ণিত উদ্দেশ্য “সেবা সহজিকরণ” এর আওতায় ১২.১ নং কার্যক্রম এবং বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (APA) ২০১৯-২০ এর ১.৫ নং কার্যক্রম অনুযায়ী ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণে পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারির কথা বলা হয়েছে। এতদপ্রেক্ষিতে সেবা গ্রহণকারীর সুবিধার্থে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক বিভিন্ন সেবা পদ্ধতি সহজিকরণ প্রক্রিয়া চিহ্নিত করে সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। বর্তমানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এর অধীনস্থ মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক কাজের প্রয়োজনে টেলিফোন কলের মাধ্যমে জরুরি তথ্য বা নোটিশ অবহিত করা হয়, যা শ্রমসাধ্য ও সময়সাপেক্ষ। এই পদ্ধতি সহজিকরণের লক্ষ্যে একটি নতুন কার্যক্রম প্রবর্তনের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত পদ্ধতি অনুযায়ী সেবা কার্যক্রমটি আরও সহজে, যথাসময়ে ও দ্রুত সম্পন্ন করার জন্য “ই-নোটিফিকেশন সিস্টেম” বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। “ই-নোটিফিকেশন সিস্টেম”টি একটি ওয়েবনির্ভর বাস্ক এসএমএস সেন্ডিং এ্যাপ্লিকেশন, যার মাধ্যমে দাপ্তরিক যে কোন প্রাসঙ্গিক তথ্য অথবা জরুরি নোটিশ একসাথে অথবা আলাদাভাবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং এর অধীনস্থ মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের-কে তাৎক্ষণিক পাঠানো যাবে।

০৩। উক্ত “ই-নোটিফিকেশন সিস্টেম” টি প্রাথমিকভাবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে পাইলটিং হিসেবে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পাইলটিং কার্যক্রমটি সফল হলে বিবিএস ও এর মাঠ পর্যায়ে বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করা হবে।

০৪। এমতাবস্থায়, সেবাটি বাস্তবায়ন করার জন্য আইসিটি সেলকে দায়িত্ব প্রদান করা হলো এবং এ বিভাগের সকল কর্মকর্তাকে উক্ত সেবাটি ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: সহজিকরণের প্রসেস ম্যাপ।

(মো: নুরুল আলম)

যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার

বিতরণ: (কার্যার্থে ও জ্ঞাতার্থে)

কর্মকর্তা (সকল)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।


স্মারক নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০১৭.১৯-৫২

তারিখ: ১৪-১০-২০১৯ খ্রি:

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

প্রসেস ম্যাপ: ই-নোটিফিকেশন সিস্টেম



Abdur
20/20/2020

মোহাম্মদ রফিকুল ইসলাম
সিস্টেম এনালিস্ট
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার